দৈনিক সংবাদ

তারিখ ...0..1 MAY 1995 ... ..
পৃষ্ঠা ১ কলাম ২

20

# ঢাকা ভার্সিটি ঃ বিকল্প আইনের খসড়া দিয়েছে ছাত্রীরা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেয়েদের হল-গুলোতে বর্তমানে প্রচলিত আইন সংশোধনের জন্য আবাসিক হলের ছাত্রীরা উপাচার্যের মাধ্যমে সিন্ডিকেটের কাছে তাদের তৈরি করা বিকল্প আইনের খসড়া পেশ করেছে। গতকাল রোববার এক

ভার্সিটি ঃ পৃঃ ৮, কঃ ৩

## ভার্সিটি ঃ ছাত্রীরা খসড়া দিয়েছে

(১ম পৃষ্ঠার পর)

সাংবাদিক সম্মেলনে একথা জানানো হয়।

গতকাল বিকেলে মধুর ক্যান্টিনে আয়োজিত সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পড়ে শোনান উম্মে হাবিবা সুমি। উপস্থিত ছিলেন ফজিলা খানম জোৎস্না, বদরুন্নেসা খুকু, জেসমিন আরা জেনি, তাহমিনা তাসনিম প্রমুখ।

ছাত্রীদের তৈরি খসড়া আইনের উল্লেখযোগ্য বিধানগুলো হচ্ছে ঃ হলগেট যখনই বন্ধ হোক না কেন কেন্দ্রীয় গ্রন্থাগার খোলা থাকা পর্যন্ত গেটবুকে যথাযথ তথ্য লিপিবদ্ধকরণের মাধ্যমে প্রত্যেক ছাত্রীর হলে প্রবেশের এবং বিশেষ প্রয়োজনে গেট বন্ধ হবার পর একইভাবে বাইরে যাবার অধিকারও থাকবে, ছাত্রীর অনুমতিক্রমে যেকোন পরিদর্শকের পরিদর্শক খাতায় পরিচয়-স্বাক্ষরের মাধ্যমে হল উন্মুক্ত থাকার সময়ে পরিদর্শনে আসার অধিকার থাকবে। একজন শিক্ষার্থীর আবাসিক ছাত্রী হবার ক্ষেত্রে মেধাই বিবেচ্য বিষয় হবে এবং এক্ষেত্রে স্থানীয় অভিভাবক থাকার কোন বিধান থাকবে না। হলে অনুপস্থিত থাকার ক্ষেত্রে কোন আবেদন প্রথা থাকবে না।